



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৩৯

জয়পুরহাটে বিএসটিআই'র ভ্রাম্যমাণ আদালতের জরিমানা

রাজশাহী; ০৫ ভাদ্র (২০ আগস্ট):

আজ বিএসটিআই (বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউট) রাজশাহী বিভাগীয় কার্যালয়ের উদ্যোগে জয়পুরহাট জেলা সদরে মোবাইল কোর্ট পরিচালিত হয়। মোবাইল কোর্টটি পরিচালনা করেন জয়পুরহাট জেলা প্রশাসকের কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট আব্দুল্লাহ-আল-মাহবুব।

রবিবার (২০ আগস্ট) জেলা প্রশাসন ও পুলিশের সহযোগিতায় অভিযান পরিচালনাকালে নিষিদ্ধ পাকিস্তানি ব্র্যান্ডের (Due, Golden pearl, New face, Goere) স্কিন ক্রীম বিক্রয়ের অপরাধে বিএসটিআই আইন-২০১৮ এর সংশ্লিষ্ট ধারায় মা এন্টারপ্রাইজ নামের একটি প্রতিষ্ঠানকে ১০,০০০ টাকা এবং ব্রেড ও বিস্কুট এর সিএম লাইসেন্স রয়েছে বলে মিথ্যা তথ্য প্রদান করার অপরাধে মা ফুডস নামের অপর একটি প্রতিষ্ঠানকে ১০,০০০ টাকাসহ মোট ২টি মামলা দায়ের করে ২০,০০০ টাকা জরিমানা করা হয়।

বিএসটিআই রাজশাহী বিভাগীয় কার্যালয়ের ফিল্ড অফিসার (সিএম) মোঃ দেলোয়ার হোসেন প্রসিকিউটর হিসেবে অভিযান চলাকালে উপস্থিত ছিলেন।

জনস্বার্থে এ ধরনের অভিযান ভবিষ্যতে অব্যাহত থাকবে বলে বিএসটিআই'র পক্ষ থেকে এ সময় জানানো হয়।

.....

তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২৩/১৬.১৫ঘ.